

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২২৮৮(আগরতলা, ১২।১০)

খোয়াই, ১২ অক্টোবর, ২০১৭

স্বচ্ছ ভারত অভিযান : খোয়াই জেলা হাসপাতালে আলোচনা চক্র

স্বচ্ছ ভারত অভিযানের পক্ষকাল ব্যাপী কর্মসূচির অঙ্গ হিসাবে গতকাল খোয়াই জেলা হাসপাতালের উদ্যোগে রোগ-সংক্রমণ ও প্রতিরোধ বিষয়ক এক আলোচনা চক্র অনুষ্ঠিত হয়। জেলা হাসপাতালে আয়োজিত এই অনুষ্ঠানে জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডা: পি. কে. মজুমদার রোগ সংক্রমণ ও প্রতিরোধ বিষয়ে আলোচনা করেন। আলোচনাচক্রে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন জেলা হাসপাতালের সুপার ডা: ধনঞ্জয় রিয়াং সহ চিকিৎসক ও স্বাস্থ্য কর্মীগণ। অনুষ্ঠান শেষে জেলা হাসপাতালে সাফাই অভিযান সংগঠিত হয়। জেলা হাসপাতাল থেকে এতথ্য জানানো হয়েছে।

This document was created using
Smart PDF Converter
To remove this message purchase the
product at www.SmartPDFConverter.com